

বিজ্ঞানসম্মত, রাজাপুর

আপনার জমিতে আপনি আম ও লিচু ফলের বাগান করতে পারবেন। আম ও লিচু আলাদা লাইনে লাগাতে পারেন। অবশ্যই কলমের গাছ লাগাতে হবে। ফল বাগান করতে হলে প্রথমে খেয়াল রাখতে হবে আপনার জমিতে পর্যাপ্ত সূর্যের আলো প্রবেশ করে কিনা। তারপর খেয়াল করতে হবে যেন জমিতে সেচ ও নিষ্কাশনের ব্যবস্থা থাকে। যেহেতু আপনার জমির পরিমাণ কম তাই আম এবং লিচুর আগাম, মধ্য ও নাভী জাত ব্যবহার করতে পারেন। বাংলাদেশ কৃষি গবেষণা উদ্ভাবিত উন্নত জাত সমৃদ্ধ ব্যবহার করতে পারেন। আমের ক্ষেত্রে বারি আম-১ (আগাম) বারি আম ৩.৫.৮ মধ্য এবং বারি আম-৪ (নাবী জাত) লাগাতে পারেন। লিচুর ক্ষেত্রে বারি লিচু-২ (আগাম) বারি লিচু ৩ মধ্য এবং বারি লিচু -৪ (নাবী) জাত হিসাবে রোপণ করতে পারেন। রোপন দূরত্ব অবশ্যই ৮ x ৮ মি. দিতে হবে। তবে প্রথমে জমির পূর্ণ ব্যবহারের জন্য ৪ x ৪ মি: দূরত্বে গাছ লাগাতে পারেন। কয়েক বৎসর ফল খাওয়ার পর যখন গাছ বড় হয়ে একটির সাথে অন্যটি ঘন ভাবে লেগে যাবে তখন মাঝখানের একটি করে গাছ কেটে ফেলে দিতে হবে যাতে দূরত্ব ৮ x ৮ মি. হয়। গাছের কলম লাগানোর পূর্বে ২ x ২ x ২ হাত গর্ত করে তাতে ১০ কেজি পঁচা গোবর সার ও অন্যান্য সার পরিমাণ মত দিয়ে গর্তের উপরের মাটির সাথে মিশিয়ে গর্ত ভরাট করে পর্যাপ্ত পানি দিয়ে কমপক্ষে ২ সপ্তাহ রেখে দিতে হবে। তারপর লাগানোর পূর্বের দিন মাটি ভালভাবে কুপিয়ে পরদিন গাছ লাগাতে হবে ও খুঁটি দিয়ে পর্যাপ্ত পানি দিতে হবে। বর্ষার শুরুতে জলপান বর্ষার শেষে গাছ লাগানোর জন্য উপযুক্ত সময়।



ড. মদন গোপাল সাহা
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
ফল বিভাগ
উদ্যানভিত্তিক গবেষণা কেন্দ্র
বিজ্ঞানসম্মত, রাজাপুর-১৭০১